Page-3

ভোরের কাগজ ঢাকা ■ বৃহস্পতিবার ■ ৮ ডিসেম্বর ২০২২

# আইসিএআর ডিজির বারি পরিদর্শন



ভারত সরকারের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রণালয়ের, কৃষি গবেষণা ও শিক্ষা বিভাগ এর সচিব এবং ভারতীয় কৃষি গবেষণা পরিষদ এর মহাপরিচালক ড. হিমাংশু পাঠক গতকাল বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। বিজ্ঞপ্তি

ভারত সরকারের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রণালয়ের, কৃষি গবেষনা ও শিক্ষা বিভাগ (ডিএআরই) এর সচিব এবং ভারতীয় কৃষি গবেষনা পরিষদ (আইসিএআর) এর মহাপরিচালক ড. হিমাংশু পাঠক গতকাল বুধবার বাংলাদেশ কৃষি গবেষনা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। বিজ্ঞপ্তি

ড. হিমাংশু পাঠক বারি সদর দপ্তরের সামনে এসে পৌছালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অন্যান্য পরিচালকবৃন্দকে নিয়ে তাকে স্বাগত জানান। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।

এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন বারি'র কৃষিতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, সার্ক কৃষি কেন্দ্র এর পরিচালক ড. মো. বক্তীয়ার হোসেন, বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাসসহ বারি'র বিজ্ঞানী ও কর্মকর্তারা।

মতবিনিময় সভায় আইসিএআর মহাপরিচালক ড. হিমাংশু পাঠক বলেন, বাংলাদেশ ও ভারতের মতো উন্নয়নশীল দেশে কৃষিতে উন্নতি হলেও কৃষকের সেভাবে উন্নয়ন হয়নি। আমাদের দুই দেশের আবহাওয়া ও জলবায়ু প্রায় একই রকম। তাই আমাদের কৃষিতে সমস্যাগুলোও প্রায় একই রকম। তাই এ সমস্ত সমস্যা ও চ্যালেঞ্জ মোকবিলায় আমাদের একসঙ্গে কাজ করার সুযোগ রয়েছে।

বিশেষ করে কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার, মাটি, পানি ও সার ব্যবস্থাপনা, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ, ড্রোনের ব্যবহার, ন্যানো প্রযুক্তির ব্যবহার, প্রাকৃতিক খামার ব্যবস্থাপনা প্রভৃতি ক্ষেত্রে আমাদের দুই দেশকে একসঙ্গে কাজ করতে হবে।

Page-13

নীতির প্রশ্নে আপোসহীন

দৈনিক জনকণ্ঠ

প্রতিষ্ঠাতা মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ

নগর সংস্করণ

The Daily Janakantha

বৃহস্পতিবার ২৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ ১৩ জমাদিউল আউয়াল ১৪৪৪ হিজরি ৮ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ বর্ষ ৩০ সংখ্যা ২৮০ পৃষ্ঠা ১৬



**গাজীপুর :** ভারতের কৃষি গবেষণা পরিষদের মহাপরিচালক ড. হিমাংশু ব্রি ও বারি পরিদর্শন করেন -জনকণ্ঠ

# ভারতের আইসিএআর মহাপরিচালক ব্রি ও বারিতে

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ ভারত সরকারের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রণালয়ের কৃষি গবেষণা ও শিক্ষা বিভাগের (ডিএআরই) সচিব এবং ভারতীয় কৃষি গবেষণা পরিষদের (আইসিএআর) মহাপরিচালক ড. হিমাংশু পাঠক বুধবার গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছেন। এ সময় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বার্ক) নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, সার্ক কৃষি কেন্দ্রের পরিচালক ড. বখতিয়ার হোসেন এবং মিসেস হিমাংশু পাঠক উপস্থিত ছিলেন।

বুধবার বিকেল পর্যন্ত উভয় প্রতিষ্ঠান পরিদর্শনকালে ব্রি'র মহাপরিচালক ড. শাহজাহান কবীর এবং বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রতিনিধি দলকে পৃথকভাবে স্বাগত জানান। প্রতিনিধি দলের সদস্যরা উভয় প্রতিষ্ঠানের বিভিন্ন ল্যাব পরিদর্শন করেন এবং বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন। এ সময় উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তা ও বিজ্ঞানীগণ উপস্থিত ছিলেন।

Page-11

বৃহস্পতিবার কালের কণ্ঠ
ঢাকা । ৮ ডিসেম্বর ২০২২ । ২৩ অগ্রহায়ণ ১৪২৯

# বারি পরিদর্শনে ভারতীয় কৃষি গবেষণা পরিষদের মহাপরিচালক

**নিজস্ব প্রতিবেদক**, গাজীপুর ▷

ভারতীয় কৃষি গবেষণা পরিষদের মহাপরিচালক হিমাংশু পাঠক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছেন।

গতকাল বুধবার সকালে তিনি বারিতে এসে পৌঁছলে মহাপরিচালক দেবাশীষ সরকার তাঁকে স্বাগত জানান। পরে এক মতবিনিময়সভায় ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য সম্পর্কে হিমাংশু পাঠককে অবহিত করা হয়। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান শেখ মোহাম্মদ বখতিয়ার, সার্ক কৃষি কেন্দ্রের পরিচালক বক্তীয়ার হোসেনসহ বারির পরিচালকরা, বিজ্ঞানী ও কর্মকর্তারা।

মতবিনিময়সভায় হিমাংশু পাঠক বলেন, 'বাংলাদেশ ও ভারতের মতো উন্নয়নশীল দেশে কৃষিতে উন্নতি হলেও কৃষকের সেভাবে উন্নয়ন হয়নি। দুই দেশের আবহাওয়া ও জলবায়ু প্রায় একই রকম। কৃষিতে সমস্যাগুলোও প্রায় একই রকম। এসব সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবেলায় দুই দেশের একসঙ্গে কাজ করার সুযোগ রয়েছে।'

তিনি আরো বলেন, 'কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার, মাটি, পানি ও সার ব্যবস্থাপনা, পুষ্টিনিরাপত্তা নিশ্চিতকরণ, ড্রোনের ব্যবহার, ন্যানো প্রযুক্তির ব্যবহার, প্রাকৃতিক খামার ব্যবস্থাপনা প্রভৃতি ক্ষেত্রে দুই দেশকে একসঙ্গে কাজ করতে হবে।'

পরে হিমাংশু পাঠক ইনস্টিটিউটের আইপিএম ও টক্সিকোলজি ল্যাব পরিদর্শন করেন।

Page-3


# প্রতিদিনের সংবাদ

বৃহস্পতিবার । ঢাকা ৮ ডিসেম্বর ২০২২, ২৩ অগ্রহায়ণ ১৪২৯, ১৩ জমাদিউল আউয়াল ১৪৪৪




# ব্রি-বারি পরিদর্শন করলেন ভারতীয় কৃষি গবেষণা পরিষদের মহাপরিচালক

● গাজীপুর প্রতিনিধি

ভারতের কৃষি ও শিক্ষা গবেষণা বিভাগের সচিব এবং ভারতের কৃষি গবেষণা কাউন্সিলের (আইসিএআর) মহাপরিচালক ড. হিমাংশু পাঠকসহ একটি প্রতিনিধিদল বুধবার বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) ও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছে। প্রতিনিধিদলের সঙ্গে ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, সার্ক কৃষি কেন্দ্রের পরিচালক ড. এম বক্তীয়ার হোসেন, সার্ক কৃষি কেন্দ্রের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার গ্যারিসন জর্জ, হিমাংশু পাঠক।

মহাপরিচালক ড. হিমাংশু পাঠকসহ প্রতিনিধিদলটি ব্রির সদর দপ্তর পরিদর্শন এলে ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর তাদের স্বাগত জানান। পরে ব্রির প্রশিক্ষণ ভবনের সভাকক্ষে প্রতিনিধিদলের সঙ্গে ব্রির বিভাগীয় প্রধানদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীরের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ব্রির অর্জন ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন উদ্ভিদ প্রজনন বিভাগের সিএসও এবং প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা। পরে আইসিএআরের মহাপরিচালক ড. হিমাংশু পাঠক ব্রির গবেষণা কার্যক্রম এবং অর্জনের ভূয়সী প্রশংসা করেন।

ব্রিতে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ড. হিমাংশু পাঠক বাংলাদেশ এবং ভারতের মধ্যে সম্পর্ককে গভীর বন্ধুত্বপূর্ণ উল্লেখ করে কৃষির উন্নয়নে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধীকরণের ওপর গুরুত্বারোপ করেন। তিনি উভয় দেশের কৃষি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর মধ্যেও তথ্যপ্রযুক্তিসহ বিভিন্ন বিষয়ে কার্যকর সহযোগিতার মাধ্যমে উভয় দেশই লাভবান হতে পারে বলে উল্লেখ করেন। ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর তার বক্তব্যে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে ভারতের ভূমিকা তুলে ধরে কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি ভারতকে সবচেয়ে ঘনিষ্ঠ বন্ধু ও প্রতিবেশী উল্লেখ করে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধীকরণের মাধ্যমে কৃষির উন্নয়নকে আরো টেকসই করার ওপর গুরুত্বারোপ করেন।

সভায় ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আবু বকর ছিদ্দিক, পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানম প্রমুখ উপস্থিত ছিলেন। সভা শেষে ব্রির পক্ষ থেকে সফররত প্রতিনিধিদলের সদস্যদের ক্রেস্ট এবং বিভিন্ন উপহারসামগ্রী উপহার দেওয়া হয়।

পরে বিএআরসির মহাপরিচালক ড. হিমাংশু পাঠকসহ প্রতিনিধিদল বারি পরিদর্শন করেন। বারিতে পৌঁছালে ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অন্য পরিচালকদের নিয়ে তাকে স্বাগত জানান। পরে বারির মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন বারির কৃষিতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় প্রতিনিধিদলের সদস্য ছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম প্রমুখ।

Page-6

• বৃহস্পতিবার । ৮ ডিসেম্বর ২০২২ । ২৩ অগ্রহায়ণ ১৪২৯ • সমকাল

# গাজীপুরে বারি পরিদর্শন

বাংলাদেশ ও ভারতের মতো উন্নয়নশীল দেশে কৃষিতে উন্নতি হলেও কৃষকের সেভাবে উন্নয়ন হয়নি বলে মন্তব্য করেছেন ভারতের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রণালয়ের সচিব এবং ভারতীয় কৃষি গবেষণা পরিষদের মহাপরিচালক হিমাংশু পাঠক। তিনি বলেছেন, দুই দেশের আবহাওয়া ও জলবায়ু প্রায় একই রকম। তাই কৃষিতে সমস্যাগুলোও প্রায় একই। এ সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবিলায় একসঙ্গে কাজ করার সুযোগ রয়েছে। গতকাল বুধবার সকালে গাজীপুরের বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শনে এসে তিনি এসব কথা বলেন। হিমাংশু পাঠক বারির আইপিএম ও টক্সিকোলজি ল্যাব পরিদর্শন করেন। এর আগে বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে সংক্ষিপ্ত আলোচনা সভায় বক্তব্য দেন তিনি। উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, সার্ক কৃষি কেন্দ্রের পরিচালক ড. মো. বক্তীয়ার হোসেন প্রমুখ।

■ গাজীপুর প্রতিনিধি

Page-3

মাটি ও মানুষের
THE DAILY BANGLADESH KANTHA
বাংলাদেশ কণ্ঠ
bangladeshkantha.com
ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ০৮ ডিসেম্বর ২০২২ইং ॥ ২৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ

# আইসিএআর মহাপরিচালকের বারি পরিদর্শন



গাজীপুর প্রতিনিধি :
ভারত সরকারের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রণালয়ের, কৃষি গবেষণা ও শিক্ষা বিভাগ এর সচিব এবং ভারতীয় কৃষি গবেষণা পরিষদ এর মহাপরিচালক ড. হিমাংশু পাঠক গতকাল বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছেন। ড. হিমাংশু পাঠক বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অন্যান্য পরিচালকবৃন্দকে নিয়ে তাকে স্বাগত জানান। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন বারি'র কৃষিতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, সার্ক কৃষি কেন্দ্রের পরিচালক ড. মো. বক্তীয়ার হোসেন, বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস সহ বারি'র বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। মতবিনিময় সভায় আইসিএআর মহাপরিচালক ড. হিমাংশু পাঠক বলেন, বাংলাদেশ ও ভারতের মতো উন্নয়নশীল দেশে কৃষিতে উন্নতি হলেও কৃষকের সেভাবে উন্নয়ন হয়নি। আমাদের দুই দেশের আবহাওয়া ও জলবায়ু প্রায় একই রকম। তাই আমাদের কৃষিতে সমস্যাগুলোও প্রায় একই রকম। তাই এ সমস্ত সমস্যা ও চ্যালেঞ্জ মোকবেলায় আমাদের একসাথে কাজ করার সুযোগ রয়েছে। বিশেষ করে কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার, মাটি, পানি ও সার ব্যবস্থাপনা, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ, ড্রোনের ব্যবহার, ন্যানো প্রযুক্তির ব্যবহার, প্রাকৃতিক খামার ব্যবস্থাপনা প্রভৃতি ক্ষেত্রে আমাদের দুই দেশকে একসাথে কাজ করতে হবে। পরে ড. হিমাংশু পাঠক ইনস্টিটিউটের আইপিএম ও টক্সিকোলজি ল্যাব পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন।

দৈনিক ভোরের সময়
সত্যের সন্ধানে সর্বদা...
THE DAILY BHORER SHOMOY
ঢাকা ॥ বৃহস্পতিবার ০৮ ডিসেম্বর ২০২২ খ্রিঃ ॥ ২৩ অগ্রহায়ন ১৪২৯ বাংলা ॥ ১৩ জমাঃ আউ ১৪৪৪ হিজরি

# ICAR মহাপরিচালকের বারি পরিদর্শন



শাহানাজ পাটোয়ারী ঃ
ভারত সরকারের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রণালয়ের, কৃষি গবেষণা ও শিক্ষা বিভাগ (DARE) এর সচিব এবং ভারতীয় কৃষি গবেষণা পরিষদ (ICAR) এর মহাপরিচালক **ড. হিমাংশু পাঠক** ০৭ ডিসেম্বর ২০২২ বুধবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছেন। **ড. হিমাংশু পাঠক** বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে বারি'র মহাপরিচালক **ড. দেবাশীষ সরকার** অন্যান্য পরিচালকবৃন্দকে নিয়ে তাকে স্বাগত জানান। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের বারি'র মহাপরিচালক **ড. দেবাশীষ সরকার**। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন বারি'র কৃষিতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা **ড. দিলোয়ার আহমদ চৌধুরী**। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান **ড. শেখ মোহাম্মদ বখতিয়ার**, সার্ক কৃষি কেন্দ্র এর পরিচালক **ড. মো. বক্তীয়ার হোসেন**, বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) **ড. মো. কামরুল হাসান**, পরিচালক (গবেষণা) **ড. মো. তারিকুল ইসলাম**, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) **ড. ফেরদৌসী ইসলাম**, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) **ড. মো. আব্দুল লতিফ আকন্দ**, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) **ড. সোহেলা আক্তার**, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) **ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস** সহ বারি'র বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ।মতবিনিময় সভায় ICAR মহাপরিচালক **ড. হিমাংশু পাঠক** বলেন, বাংলাদেশ ও ভারতের মতো উন্নয়নশীল দেশে কৃষিতে উন্নতি হলেও কৃষকের সেভাবে উন্নয়ন হয়নি। আমাদের দুই দেশের আবহাওয়া ও জলবায়ু প্রায় একই রকম। তাই আমাদের কৃষিতে সমস্যাগুলোও প্রায় একই

◆◆২য় পাতায় দেখুন

রকম। তাই এ সমস্ত সমস্যা ও চ্যালেঞ্জ মোকবেলায় আমাদের একসাথে কাজ করার সুযোগ রয়েছে। বিশেষ করে কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার, মাটি, পানি ও সার ব্যবস্থাপনা, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ, ড্রোনের ব্যবহার, ন্যানো প্রযুক্তির ব্যবহার, প্রাকৃতিক খামার ব্যবস্থাপনা প্রভৃতি ক্ষেত্রে আমাদের দুই দেশকে একসাথে কাজ করতে হবে। পরে ড. হিমাংশু পাঠক ইনস্টিটিউটের আইপিএম ও টক্সিকোলজি ল্যাব পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন।

Page-2


ঢাকা, বৃহস্পতিবার
৮ ডিসেম্বর ২০২২ইং
২৩ অগ্রহায়ণ ১৪২৯ বাংলা
১৩ জমাঃ আউয়াল ১৪৪৪ হিজরী
রেজিঃ নং ডিএ ৮৭৩
বর্ষ-৩৩ সংখ্যা-২৯৮
পৃষ্ঠা-৮ মূল্য-৭ টাকা
www.nawroj.com.bd

দৈনিক নওরোজ

সত্য প্রকাশে নির্ভীক

The Daily Nawroj




# ICAR মহাপরিচালকের বারি পরিদর্শন

**মোঃ বায়েজীদ হোসেন, গাজীপুর থেকে :** ভারত সরকারের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রণালয়ের, কৃষি গবেষণা ও শিক্ষা বিভাগ (DARE) এর সচিব এবং ভারতীয় কৃষি গবেষণা পরিষদ (ICAR) এর মহাপরিচালক ড. হিমাংশু পাঠক গতকাল ০৭ ডিসেম্বর ২০২২ বুধবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছেন। ড. হিমাংশু পাঠক বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অন্যান্য পরিচালকবৃন্দকে নিয়ে তাকে স্বাগত জানান। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন বারি'র কৃষিতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, সার্ক কৃষি কেন্দ্র এর পরিচালক ড. মো. বক্তীয়ার হোসেন, বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস সহ বারি'র বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। মতবিনিময় সভায় ICAR মহাপরিচালক ড. হিমাংশু পাঠক বলেন, বাংলাদেশ ও ভারতের মতো উন্নয়নশীল দেশে কৃষিতে উন্নতি হলেও কৃষকের সেভাবে উন্নয়ন হয়নি। আমাদের দুই দেশের আবহাওয়া ও জলবায়ু প্রায় একই রকম। তাই আমাদের কৃষিতে সমস্যাগুলোও প্রায় একই রকম। তাই এ সমস্ত সমস্যা ও চ্যালেঞ্জ মোকবেলায় আমাদের একসাথে কাজ করার সুযোগ রয়েছে। বিশেষ করে কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার, মাটি, পানি ও সার ব্যবস্থাপনা, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ, ড্রোনের ব্যবহার, ন্যানো প্রযুক্তির ব্যবহার, প্রাকৃতিক খামার ব্যবস্থাপনা প্রভৃতি ক্ষেত্রে আমাদের দুই দেশকে একসাথে কাজ করতে হবে। পরে ড. হিমাংশু পাঠক ইনস্টিটিউটের আইপিএম ও টক্সিকোলজি ল্যাব পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন।

Page-1

দৈনিক নতুন ভোর
প্রকাশনার ২৮ বছর
The Daily notun vor
www.dailynotunvor.com
বৃহস্পতিবার ॥ ০৮ ডিসেম্বর ২০২২ ইং



# ICAR মহাপরিচালকের বারি পরিদর্শন

**মোঃ শরিফুজ্জামান:** ভারত সরকারের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রণালয়ের, কৃষি গবেষণা ও শিক্ষা বিভাগ (DARE) এর সচিব এবং ভারতীয় কৃষি গবেষণা পরিষদ (ICAR) এর মহাপরিচালক ড. হিমাংশু পাঠক গতকাল ০৭ ডিসেম্বর ২০২২ বুধবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছেন। ড. হিমাংশু পাঠক বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অন্যান্য পরিচালকবৃন্দকে নিয়ে তাকে স্বাগত জানান। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন বারি'র কৃষিতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় অন্যান্যের মধ্যে

৩-এর পাতায় দেখুন

উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, সার্ক কৃষি কেন্দ্র এর পরিচালক ড. মো. বক্তীয়ার হোসেন, বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস সহ বারি'র বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। মতবিনিময় সভায় ICAR মহাপরিচালক ড. হিমাংশু পাঠক বলেন, বাংলাদেশ ও ভারতের মতো উন্নয়নশীল দেশে কৃষিতে উন্নতি হলেও কৃষকের সেভাবে উন্নয়ন হয়নি। আমাদের দুই দেশের আবহাওয়া ও জলবায়ু প্রায় একই রকম। তাই আমাদের কৃষিতে সমস্যাগুলোও প্রায় একই রকম। তাই এ সমস্ত সমস্যা ও চ্যালেঞ্জ মোকবেলায় আমাদের একসাথে কাজ করার সুযোগ রয়েছে। বিশেষ করে কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার,. মাটি, পানি ও সার ব্যবস্থাপনা, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ, ড্রোনের ব্যবহার, ন্যানো প্রযুক্তির ব্যবহার, প্রাকৃতিক খামার ব্যবস্থাপনা প্রভৃতি ক্ষেত্রে আমাদের দুই দেশকে একসাথে কাজ করতে হবে। পরে ড. হিমাংশু পাঠক ইনস্টিটিউটের আইপিএম ও টক্সিকোলজি ল্যাব পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও-সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন।

Page-10

The New Nation
Independent Daily
Dhaka, Thursday, December 8, 2022



MYMENSINGH: Dr Himanshu Pathak, Secretary of Department of Agricultural Research and Education DARE) & Director General of the Indian Council of Agricultural Research (ICAR), Ministry of Agriculture and Farmers Welfare, Government of India has visited Bangladesh Agricultural Research Institute (BARI) on Wednesday. ■ NN photo

page-3

the daily observer
Dhaka, Thursday December 8, 2022



Dr Himanshu Pathak, Secretary of the Department of Agricultural Research and Education (DARE) & Director General of the Indian Council of Agricultural Research (ICAR), visited Bangladesh Agricultural Research Institute (BARI) on Wednesday. BARI Director General Dr Debasish Sarker with other directors welcomed him with crest. PHOTO: OBSERVER

Page-6

Daily Morning Glory
Dhaka, Thursday, 08 December 2022
A First Class English National Daily

# ICAR Director General visited BARI

**Md. Bayezid Hossain, Gazipur**

Agriculture Secretary to Government of India and Director General of Indian Council of Agricultural Research Dr. Himanshu Pathak visited Bangladesh Agricultural Research Institute (BARI) yesterday. Director General Dr. Debashish Sarkar gave a welcome speech in the short program. After that, Chief Scientific Officer Dr. Dilowar Ahmad Chowdhury highlighted various activities, progress and success of the institute through multimedia display.

Bangladesh Agricultural Research Council Executive Chairman Dr. Sheikh Mohammad Bakhtiar, Director of SAARC Agricultural Center Dr. Md Bakhtiar Hossain, BARI Director (Service and Supply) Dr. Md Kamrul Hasan, Director (Research) Dr. Md Tariqul Islam, Director ( Training and Communication) Dr. Ferdowsi Islam, Director (Oilseed Research Center) Dr. Md Abdul Latif Akand, Director (Kandal Crops Research Center) Dr. Sohela Akhtar, Director (Horticulture Research Center) Dr. Gobind Chandra Biswas, scientists and officials were present.